

-নিলাম বিজ্ঞপ্তি-

আদিষ্টক্রমে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মেরিন একাডেমি চট্টগ্রামে ক্যাডেট প্রশিক্ষণে ব্যবহৃত লট-০১ঃ পুরাতন, অকেজো কম্পিউটার ও এক্সেসরিজ (যেখানে যে অবস্থাতে আছে ভিত্তিতে), লট-০২ঃ পুরাতন, অকেজো আসবাবপত্র (কাঠের ও লোহার), বৈদ্যুতিক সামগ্রী, বিভিন্ন মেশিনারিজের খুচরা যন্ত্রাংশ ও সেনিটারী সামগ্রী (যেখানে যে অবস্থাতে আছে ভিত্তিতে) দরপত্র বদ্ধ খামে নিলামে বিক্রয় করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এই মর্মে আত্মীয় প্রতিষ্ঠান/ব্যক্তিদেবকে নিম্নরূপ শর্তসাপেক্ষে বদ্ধ খামে নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে:

শর্তাবলীঃ

- (১) আগামী ০৬-০৪-২০২১ তারিখ বেলা ১২.০০ ঘটিকায় আহবায়ক, নিলাম বিক্রয় কমিটি এর কক্ষে বদ্ধ খামে নিলাম ডাক অনুষ্ঠিত হবে। ঐদিন বেলা ১২.০০ ঘটিকায় উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। নিলাম ডাকে অংশগ্রহণে ইচ্ছুক দরদাতাকে অবশ্যই ০৬-০৪-২০২১ তারিখ বেলা ১১.৪৫ ঘটিকার পূর্বে দরপত্র জমা দিতে হবে। বেলা ১২.০০ ঘটিকার পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- (২) এতদসংক্রান্ত ব্যাপারে আগামী ০৪ এবং ০৫ এপ্রিল, ২০২১ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত সরেজমিনে নিলামে বিক্রয়যোগ্য মালামাল পরিদর্শন করা যাবে। ০৫-০৪-২০২১ তারিখের পরে কোনরূপ তথ্য সংগ্রহ বা পরিদর্শন করা যাবে না।
- (৩) এতদসংক্রান্ত প্রতিটি লট-১ এবং লট-২ দরপত্র তফসীল বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা, কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, চট্টগ্রাম বরাবরে ডিডি/পে-অর্ডার আকারে (সোনালী ব্যাংক, মেরিন একাডেমি শাখার অনুকূলে) আকারে জমা দিয়ে একাডেমির হিসাব শাখা হতে ০৫-০৪-২০২১ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে।
- (৪) বদ্ধ খামে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য জামানত (ফেরতযোগ্য) হিসেবে লট-১ এবং লট-২ এর বিপরীতে ২০,০০০/- (বিশ হাজার) টাকা ডিডি/পে-অর্ডার (সোনালী ব্যাংক, মেরিন একাডেমি শাখার অনুকূলে) কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম এর বরাবর দরপত্রের সাথে জমা দিতে হবে।
- (৫) নিলামে অংশ গ্রহণের জন্য ব্যক্তির ক্ষেত্রে জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, টিন সার্টিফিকেট (যদি থাকে) এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে ট্রেড লাইসেন্স, টিন ও ভ্যাট সার্টিফিকেট এর কপি সংযুক্ত করতে হবে।
- (৬) বদ্ধ খামে নিলাম ডাকে অংশগ্রহণকারী প্রতিষ্ঠান/ব্যক্তিগণ তাদের নিজ নিজ দর অংকে ও কথায় উল্লেখ করবেন। বদ্ধ খামে সফলকাম নিলাম দরদাতা তার প্রদানকৃত সর্বোচ্চ মোট মূল্য (ভ্যাট-৭.৫% ও ট্যাক্স-২% সহ) সমুদয় অর্থ কার্যাদেশ প্রাপ্তির ০৩(তিন) কার্যদিবসের মধ্যে পরিশোধ করবেন এবং পরবর্তী ০৩(তিন) দিনের মধ্যে নিজ দায়িত্বে ও খরচে বদ্ধ খামে নিলাম ডাকে বিক্রিত মালামাল একাডেমি হতে সরিয়ে নিতে হবে এবং মালামাল গ্রহণের সময় সরকারি কোন সম্পদ/ অবকাঠামো কোনরূপ ক্ষতি হলে তার দায়ভার গ্রহণ করতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্তসহ কার্যাদেশ বাতিল করা হবে।
- (৭) বদ্ধ খামে নিলাম ডাক সংক্রান্ত বিষয়ে দরপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, চট্টগ্রাম সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।

প্রকৌঃ মোহাম্মদ মাহমুদ মিয়া
উর্ধ্বতন নৌ স্থপতি (চ.দা.)
অফিসার ইন-চার্জ স্টোর (অ.দা.)

তারিখ: ২৮-০৩-২০২১

নথি নং: নিলাম-০৪-১-২/২০২০-২১-

বিতরণঃ

- ১। প্রশাসনিক ভবন, নোটিশ বোর্ড, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম
- ২। মেইন গার্ডরুম, নোটিশ বোর্ড, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম
- ৩। একাডেমি শপিং কমপ্লেক্স, নোটিশ বোর্ড, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম
- ৪। ১১ নং পতেঙ্গা জেটি, নোটিশ বোর্ড বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম
- ৫। ১নং বৈরাগ ইউনিয়ন পরিষদ ভবন, নোটিশ বোর্ড, আনোয়ারা, চট্টগ্রাম

অনুলিপিঃ সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ২। ডেপুটি কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ৩। নৌ-শিক্ষা প্রধান, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ৪। প্রধান প্রকৌশলি, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ৫। এ্যাডজুটেন্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ৬। উন্নয়ন কর্মকর্তা, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ৭। জনাব মোহাম্মদ শফিকুল আলম, শিক্ষা কর্মকর্তা (মানবিক), বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ৮। কম্পিউটার ও ইংলিশ ল্যাব ইন-চার্জ, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ৯। পোস্ট সী হোস্টেল ইন-চার্জ, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ১০। হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ১১। প্রশাসনিক কর্মকর্তা, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ১২। পিএ টু কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।

প্রকৌঃ মোহাম্মদ মাহমুদ মিয়া
উর্ধ্বতন নৌ স্থপতি (চ.দা.)
অফিসার ইন-চার্জ স্টোর (অ.দা.)